

বিশেষ এক-কালীন সহায়তা (Special One Time Assistance, “SOTA”) অ্যাপার্টমেন্টের
জন্য বাড়িওয়ালার চুক্তি
(Bengali)

সম্পত্তি এবং ইউনিট তথ্য

সম্পত্তির ঠিকানা:	
ইউনিট:	
মালিকের নাম:	

উপরে নির্দেশিত ইউনিট (“ইউনিট”) অন্তত এক-বছরের মেয়াদের জন্য ভাড়া দেওয়া হচ্ছে এবং তা আরম্ভ হবে

_____ এর নিকট: _____ ।
 (“লিজের আরম্ভের তারিখ”) (“প্রকল্পের অংশগ্রহণকারী”)

অনুগ্রহ করে চুক্তিটি যত্ন সহকারে পড়ুন, সমস্ত প্রযোজ্য স্থানগুলি সম্পূর্ণ করুন, এবং, যদি আপনি নিম্নে উল্লিখিত সমস্ত শর্তসমূহ বুঝতে পারেন এবং স্বীকার করেন তাহলে একজন নোটারি পাবলিকের সমক্ষে নিচে দেয়া স্থানে স্বাক্ষর করুন।

প্রকল্পের তথ্য

SOTA প্রকল্প ইউনিটটি ভাড়া নেয়ার জন্য SOTA প্রকল্পের অংশগ্রহণকারীর পক্ষ থেকে এক বছরের ভাড়া পরিশোধ করবে। আমাকে মাসিক ভিত্তিতে পেমেন্ট ইস্যু করা হবে। আমি মাসিক _____ পাব। SOTA অনুদান দ্বারা কভার করা এক বছরের মেয়াদের পর, যে কোনও ভাড়া পরিশোধের জন্য প্রকল্পের অংশগ্রহণকারী দায়বদ্ধ থাকবেন।

(পরের পাতায় যান)

বাড়িওয়ালার তথ্য

অনুগ্রহ করে একটি নির্বাচন করুন:

- আমি হলাম উপরে চিহ্নিত ইউনিটের মালিক।
- যদি নিউ ইয়র্ক সিটির মধ্যে একটি ইউনিট ভাড়া নেয় তাহলে আমি হলাম উপরে চিহ্নিত ইউনিটের নথিভুক্ত ম্যানেজিং এজেন্ট এবং HPD-এর কাছে আমার নথিভুক্তকরণের বর্তমান প্রমাণ সংযুক্ত করেছি।
- উপরে চিহ্নিত ইউনিটের মালিকের পক্ষ থেকে এই চুক্তিটি এবং লিজ স্বাক্ষর করার জন্য আমি অনুমোদিত এবং এরকম অনুমোদনের প্রমাণ সংযুক্ত করেছি।

পরিশোধের তথ্য

চেক যেন _____ -এর পক্ষ থেকে _____
(মালিক)

_____ -এর নামে প্রদান করা হয়।

মালিকের সাথে প্রাপকের সম্পর্ক: _____

প্রাপকের ফোন নম্বর: _____

চেকগুলি নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগে পাঠাতে হবে:

ঠিকানা: _____
শহর: _____ স্টেট: _____ জিপ কোড: _____

আমি বুঝেছি যে _____ তারিখ থেকে আরম্ভ করে ইউনিটের ক্ষেত্রে এক বছরের মেয়াদের জন্য মাসে _____ পাব।

(পরের পাতায় যান)

যদি ইউনিটটি ব্রোকারের সহায়তায় ভাড়া নেয়া হয়, তাহলে আমি স্পষ্ট উল্লেখ করছি:

- এই সম্পত্তির ক্ষেত্রে ব্রোকারের কোনও মালিকানা স্বার্থ নেই।
- মালিক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্রোকারের কাছ থেকে ব্রোকারের পারিশ্রমিকের কোনও অংশ পাবে না।
- নিম্নে উল্লেখিত ব্রোকারের পরিষেবা ছাড়া এই চত্বরটি ভাড়ায় দেয়া যাবে না।

ব্রোকার:	
লাইসেন্স নম্বর (যদি প্রযোজ্য হয়):	
ঠিকানা:	

বাড়িওয়ালার প্রয়োজন

1. SOTA প্রকল্পের নিয়মাবলী অনুযায়ী, আমি বুঝেছি যে আমার:

- সমস্ত প্রযোজ্য এবং আবাসন সংক্রান্ত নিয়ম মানক প্রকৃতভাবে মেনে চলতে হবে এবং ভাড়া নেয়ার সময় এবং প্রকল্পের অংশগ্রহণকারী থাকার সময় ইউনিটটি বাসযোগ্য তা নিশ্চিত করতে হবে;
- লিজে বর্ণিত ভাড়া অথবা ন্যায্য খরচের বেশি দাবি করা, অনুরোধ করা অথবা গ্রহণ করতে পারব না;
- নগদ জামিন অর্থের পরিবর্তে DSS সিকিউরিটি ভাউচার গ্রহণ করা উচিত এবং প্রকল্পের অংশগ্রহণকারীর কাছ থেকে কোনও অতিরিক্ত সিকিউরিটি ভাউচার অনুরোধ করা উচিত নয়;
- লিজের কোনও বিধান নির্বিশেষে, সেই মাসের জন্য ইউনিটের ভাড়া প্রদানের জন্য সময়মতো পরিশোধের হিসাবে মাসের শেষ দিনে জারি করা SOTA পেমেন্ট বলে গণ্য করতে হবে;
- DSS এবং প্রকল্পের অংশগ্রহণকারীর পূর্ব লিখিত অনুমতি ছাড়া একটি পরিবারকে এক ইউনিট থেকে অন্য ইউনিটে স্থানান্তর করা উচিত হবে না;
- ইউনিটে প্রকল্পের অংশগ্রহণকারী আর না থাকলে তা জানার 5 কর্মদিবসের মধ্যে DSS-কে জানাতে হবে;
- প্রোগ্রামে অংশগ্রহণকারীর ভাড়াটিয়া হিসাবে যে অধিকার রয়েছে সেটাকে প্রভাবিত করার এমন কোনো আইনি প্রক্রিয়া শুরু করা হলে 5 কার্যদিবসের মধ্যে DSS এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষকে সে সম্পর্কে অবহিত করুন এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষকে এই ধরনের কোনো আইনি প্রক্রিয়ার কপি প্রদান করুন;
- যদি চত্বরের মালিকানা অথবা পরিচালনার পরিবর্তন হয় তাহলে ন্যায্য সময়ের মধ্যে DSS-কে জানাতে হবে;
- পরিবার ইউনিটে যে সময় বসবাস করেনি সেই সময়ে SOTA প্রকল্প থেকে প্রাপ্ত পেমেন্ট আমাকে অবশ্যই DSS-এর কাছে ফেরত দিতে হবে;
- ভাড়ার জন্য যে কোনও অতিরিক্ত পেমেন্টের বিষয়ে দ্রুত DSS-কে জানান এবং ফেরত দিন, যার মধ্যে রয়েছে কিন্তু সীমিত নয়: DSS -কে ভুল তথ্য প্রদান করা, অথবা মালিকানা, প্রদানকারী, এবং/অথবা ম্যানেজমেন্টের পরিবর্তনের কারণে হওয়া অতিরিক্ত পেমেন্ট।

(পরের পাতায় যান)

বাড়িওয়ালার প্রয়োজনীয়তা (অব্যাহত)

2. আমি বুঝেছি DSS-এর প্রতি আবশ্যিক বিজ্ঞপ্তি লিখিতভাবে এই ঠিকানায় অবশ্যই পাঠাতে হবে:

**SOTA Program
NYC Human Resources Administration
150 Greenwich Street, 36th Floor
New York, NY 10007**

আমি বুঝেছি যে যদি আমার কোনও প্রশ্ন থাকে তাহলে আমি **718-557-1373** নম্বরে কলও করতে পারি।

কোনও অতিরিক্ত পেমেন্টের ব্যাপারে জানানোর পর কিভাবে অতিরিক্ত পেমেন্টটি ফেরত দিতে হবে সে বিষয়ে DSS আমাকে নির্দেশাবলী প্রদান করবে।

3. সমস্ত ইউনিটের জন্য:

আমি বুঝেছি যে 1978-এর আগে নির্মিত গৃহের জন্য লিজ স্বাক্ষর করার আগে, ফেডেরাল আইন অনুযায়ী আমাকে ভাড়াটেকে নিম্নলিখিত প্রদান করতে হবে:

- (a) সীসা-ভিত্তিক পেইন্ট চিহ্নিতকরণ এবং নিয়ন্ত্রণের ওপর EPA-অনুমোদিত তথ্য পুস্তিকা; এবং
- (b) বাড়িতে অথবা ভবনে সীসা-ভিত্তিক পেইন্ট অথবা সীসা-ভিত্তিক পেইন্ট বিপদের উপস্থিতির বিষয়ে যে কোনও জানা তথ্য; এবং
- (c) লিজ চুক্তির সাথে কোনও সংযুক্তি অথবা সংশ্লিষ্ট ভাষা, যার মধ্যে থাকবে "সীসা সংক্রান্ত সতর্কতার বিবৃতি" এবং সুনিশ্চিত করবে যে আমি সমস্ত বিজ্ঞপ্তির প্রয়োজনগুলি মেনে চলেছি।

কেবল নিউ ইয়র্ক সিটির মধ্যে ইউনিটের জন্য:

উপরোক্ত বাদে, আমি সংযুক্ত "সীসা পেইন্ট বিপদ সমাধান করুন: একজন বাড়িওয়ালার অবশ্যই কী করা উচিত এবং প্রত্যেকটি ভাড়াটের কী জানা উচিত" পড়েছি। আমি 2004-এর স্থানীয় আইন 1-এর প্রয়োজনগুলি বুঝেছি এবং সেগুলি ইউনিটের প্রতি প্রযোজ্য হওয়া পর্যন্ত মেনে চলার জন্য সম্মতি প্রদান করছি।

(পরের পাতায় যান)

বাড়িওয়ালার প্রয়োজনীয়তা (অব্যাহত)

4. আমি নিম্নলিখিত প্রতিনিধিত্বগুলি করছি:

- আমার কাছে লিজের অন্তর্ভুক্ত মেয়াদের জন্য ইউনিটিট ভাড়া দেয়ার আইনি অধিকার আছে।
- এই চুক্তির তারিখ অনুযায়ী সম্পত্তি বিক্রি করার, নির্ধারণ করার অথবা মালিকানা হস্তান্তরের চুক্তি নেই যেখানে ইউনিটিট অবস্থিত এবং আমি মালিকানার আসন্ন হস্তান্তরের ব্যাপারে সচেতন নই।
- এই লিজ নির্ধারিত ভাড়া ফেডেরাল, স্টেট, অথবা স্থানীয় আইন অথবা নিয়ম দ্বারা স্থাপিত ইউনিটের জন্য কোনও আইনি ভাড়ার সমান অথবা কম, যদি থাকে।
- ইউনিটের ব্যবহার এবং/অথবা থাকার ব্যবস্থার ধরণটি, ইউনিটিটি যে স্থানে অবস্থিত সেখানকার আইন, বিধি এবং নিয়ম এবং যদি উক্ত স্থানের নিয়ম অনুসারে থাকার ব্যবস্থার শংসাপত্র, বা আবাসের শংসাপত্র বা অন্য সমতুল্য নথি যার সঙ্গে ইউনিটের ব্যবহার এবং/অথবা থাকার ব্যবস্থার ধরণের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

5. আমি বুঝেছি যে DSS-এর পক্ষ থেকে আর্থিক ইনসেন্টিভ সেই ইউনিটের ভাড়ার জন্য লভ্য নয় যেখানে আগের ভাড়াটে SOTA গ্রহণ করেছে অথবা, যদি ইউনিটিটি নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত হয়, যেখানে আগের ভাড়াটে FHEPS, CityFHEPS অথবা অন্য কোনও নিউ ইয়র্ক সিটি ভাড়া সহায়তা প্রকল্প গ্রহণ করছিল, যদি না আমি আগের ভাড়াটের পুনর্বিবেচনার জন্য একটি ভাল কারণ দেখাতে পারি।

6. আমি বুঝতে পারি যে যদি স্থানীয় সরকারের প্রয়োজনীয়তার সাথে অনুবর্তী হিসাবে যদি ইউনিটিটি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা না হয়, তাহলে সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত ভাড়া আটকে রাখা যেতে পারে বা ভাড়াটিয়া কর্তৃক নেওয়া কোনো ব্যবস্থা বা আইনি প্রক্রিয়ার সাথে সম্পর্কিত প্রয়োজ্য আইন অনুসারে আদালতে অর্থ প্রদান করা যেতে পারে। ভাড়ার সময়কালের মধ্যে যদি সমস্যাগুলি সমাধান করা হয়, তাহলে ভাড়াটিয়া ইউনিটে বসবাস করাকালীন DSS বা এর এজেন্ট দ্বারা পূর্বে আটকে রাখা কোনো অর্থ, যথাযথ নথিপত্র প্রদান করা হলে, আটকে রাখা অর্থ প্রদানের জন্য সময়মত করা অনুরোধের ভিত্তিতে তা বিতরণ করা হবে।

7. আমি বুঝেছি যে উপরোক্ত প্রয়োজনগুলির মধ্যে থেকে যে কোনও একটি অনুপালনে ব্যর্থ হওয়ার ফলে আমি SOTA-এ ভবিষ্যতে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য হতে পারি, যদি নিউ ইয়র্ক সিটির মধ্যে হয়, তাহলে অন্যান্য নিউ ইয়র্ক সিটি ভাড়া সহায়তা কর্মসূচিতেও অযোগ্য হতে পারি। DSS যে কোনও অন্য লভ্য আইনি প্রতিকার ব্যবস্থা করতে পারে এবং উপযুক্ত পরিস্থিতিতে আইনি পরিষেবার জন্য গ্রাহকদের রেফার করতে পারে।

8. আমি বুঝতে পারি যে ইউনিটের বাড়িওয়ালা স্বামী, পারিবারিক অংশীদার, পিতা-মাতা, সন্তান, সৎপিতা, সৎপুত্র, দাদু-দিদা, নাতি-নাতনি, সৎ-পিতামহ, সৎ-নাতি, বোন, ভাই, সৎ ভাই অথবা সৎ বোন কেউই পরিবারের কোনো সদস্য হতে পারে না।

(পরের পাতায় যান)

বাড়িওয়ালার প্রয়োজনীয়তা (অব্যাহত)

আমি যন্ত্র সহকারে উপরোক্ত চুক্তি পড়েছি এবং উপরোক্ত সমস্ত শর্তাবলী বুঝেছি এবং তার প্রতি সম্মতি জ্ঞাপন করছি।

সত্য ও নির্ভুল বিবৃতি দিতে ব্যর্থতা পেনাল আইন § 175.30-এ প্রথম শ্রেণির বিধিবহির্ভূত কাজের অনুসারী হিসাবে শাস্তিমোগ্য (কোনো সরকারী দফতরে বা কোনো সরকারী কর্মীর কাছে দাখিল করতে মিথ্যা বিবৃতি উপস্থাপন করা)।

বাড়িওয়ালার অনুমোদিত স্বাক্ষর

তারিখ

নাম এবং পদবি প্রিন্ট করুন

STATE OF)

) ss.:

COUNTY OF)

On the _____ day of _____ in the year _____ before me, the undersigned, a Notary Public or Commissioner of Deeds in and for said State, personally appeared _____, personally known to me or proved to me on the basis of satisfactory evidence to be the individual(s) whose name(s) is (are) subscribed to the within instrument and acknowledged to me that he/she/they executed the same in his/her/their capacity(ies), and that by his/her/their signature(s) on the instrument, the individual(s), or the person on behalf of which the individual(s) acted, executed the instrument.

Notary Public or Commissioner of Deeds